



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

### প্রেস রিলিজ

তারিখঃ ০৫/০২/২০১৭

## বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিভাগ ২০১৭ এর ভলিবল, ব্যাডমিন্টন, টেবিল টেনিস ও ক্যারম প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের আন্তঃবিভাগ ভলিবল, ব্যাডমিন্টন, টেবিল টেনিস ও ক্যারম প্রতিযোগিতা ২০১৭ এর পুরস্কার বিতরণী অদ্য ৫ ফেব্রুয়ারি বিকাল ৩.৩০ মিনিটে কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। ৪টি ইভেন্টে অনুষ্ঠিত আন্তঃবিভাগ ক্রীড়া প্রতিযোগিতায় ভলিবলে যথাক্রমে চ্যাম্পিয়ন (ছাত্র) বাংলা বিভাগ এবং রান্সআপ রাষ্ট্রবিজ্ঞান, (ছাত্রী) রাষ্ট্রবিজ্ঞান ও ইংরেজী বিভাগ। ক্যারাম-এ যথাক্রমে চ্যাম্পিয়ন (ছাত্র) ইংরেজী বিভাগ এবং রান্সআপ অর্থনীতি, (ছাত্রী) উচ্চিদ বিজ্ঞান ও অর্থনীতি বিভাগ। ব্যাডমিন্টন-এ যথাক্রমে চ্যাম্পিয়ন (ছাত্র) ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ এবং রান্সআপ রাষ্ট্রবিজ্ঞান, (ছাত্রী) ফিল্যান্স এন্ড ব্যাংকিং ও সিএসই বিভাগ। টেবিল টেনিস-এ যথাক্রমে চ্যাম্পিয়ন (ছাত্র) একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেম্স বিভাগ এবং রান্সআপ সমাজবিজ্ঞান, (ছাত্রী) একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেম্স ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগ। পুরস্কার বিতরণ অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মুহসিন উদ্দীন, শারীরিক শিক্ষা অফিসের পরিচালক, রেজিস্ট্রার, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষকমণ্ডলী, দণ্ডর প্রধানগণ, শিক্ষার্থীবৃন্দ এবং ক্রীড়া সংশ্লিষ্টরা। পুরস্কার বিতরণ শেষে উপাচার্য মহোদয় উপস্থিত শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, একজন পরিপূর্ণ মানুষ হিসেবে গড়ে উঠতে একাডেমিক শিক্ষার পাশাপাশি সহশিক্ষা কার্যক্রমের কোন বিকল্প নেই। আর এ ধরনের আন্তঃবিভাগ প্রতিযোগিতার মাধ্যমে শুধু যে খেলাধুলারই চর্চা হয় তা নয়, এর মাধ্যমে পারস্পরিক জানা-শুনা এবং আন্তঃবিভাগীয় সম্পর্ক বৃদ্ধি পায় যা ভবিষ্যত কর্মজীবনে ব্যাপকভাবে প্রভাব বিস্তারে সক্ষম হয়। প্রতিযোগিতায় অংশগ্রহনের জন্য তিনি বিভিন্ন বিভাগের শিক্ষার্থীদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। উল্লেখ্য গত ১৮ জানুয়ারি ২০১৭ তারিখ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে বেলুন উড়িয়ে প্রতিযোগিতার শুভ উদ্বোধন করেছিলেন মাননীয় উপাচার্য মহোদয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রূমি  
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ অফিস  
বরিশাল বিশ্ববিদ্যালয়  
[b.university.pro@gmail.com](mailto:b.university.pro@gmail.com)